মুজিবনগরে তারানগর গ্রাম বিএনপির আয়োজনে দোয়া ও আলোচনা সভায়

তিনি বিএনপি’র নেতাকর্মীদের উদ্দেশ্যে বলেন,ছাত্রজনতার আন্দোলনের মধ্য দিয়ে মহান আল্লাহ তাআলার আশীর্বাদ স্বরূপ আমরা ফ্যাসিবাদী আওয়ামী লীগ সরকারের জুলুম নির্যাতন থেকে মুক্তি পেয়ে একটি নতুন দেশ পেয়েছি। এই দেশ গঠনে পুলিশ বিজিবি, র্যাব, সেনাবাহিনী এবং সিভিল প্রশাসনের পাশে থেকে দেশ গঠনে তাদের সহযোগিতা করে যেতে হবে।

দুর্নীতিবাজ খুনি শেখ হাসিনার আওয়ামী সরকারের দীর্ঘদিনের জুলুম নির্যাতন, গুম খুন হামলা মামলা সহ্য করে জেলা বিএনপি’র সভাপতি মাসুদ অরুনের নেতৃত্বে আরও শক্তিশালী হয়েছে মেহেরপুর জেলা বিএনপি। বিগত ১৭ বছরে আওয়ামী লীগ সরকারের সময়ে বাংলাদেশের মানুষের কোন বাক স্বাধীনতা ছিল না। বাংলাদেশের মানুষ তাদের অধিকার নিয়ে কথা বলতে পারত না। বিগত বছর গুলোতে আমরা দেখেছি আওয়ামী লীগের নেতারা কি ছিল জনগনের হক মেরে আজ তারা কোটি টাকার মালিক। আমি সেইসকল আওয়ামীলীগ নেতাকর্মীদের বলতে চাই আপনারা বিগত ১৬টি বছরে যে সকল অপকর্ম , দুর্নীতি করে হাজার কোটি টাকার মালিক হয়েছেন, সেই সকল অপকর্ম, দুর্নীতির প্রমাণ আমাদের হাতে আছে তাই আপনারা চুপ থাকুন বেশি বাড়াবাড়ি করবেন না।

আপনারা বিল খেয়েছেন পুকুর খেয়েছেন ভিজিএফ এর চাল খেয়েছেন বিধবা ভাতা দেওয়ার নাম করে টাকা খেয়েছেন টিসিবির চাল খেয়েছেন সব আমাদের জানা এগুলা এখন দরিদ্র অসহায় মানুষ আছে যারা তারা খাবেন কোনরকম হস্তক্ষেপ করবেন না যদি ভালো থাকতে চান গরিব অসহায় মানুষের কোন হক মেরে খাওয়ার চেষ্টা করবেন না। আপনাদের পালিয়ে যাওয়া নেত্রী শেখ হাসিনা ফিরে আসবে আওয়ামীলীগ আবার ক্ষমতায় আসবে এই দিবস স্বপ্ন দেখবেন না।
আজ মঙ্গলবার (২২ অক্টোবর) বিকেলে মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের তারানগর বিএনপির আয়োজনে,
বৈষম্য বিরোধী ছাত্র-জনতার আন্দোলনে শহীদদের আত্মার মাগফিরাত এবং দেশনেত্রী বেগম খালেদা জিয়ার সুস্থ্যতা কামনায় দোয়া ও আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে এ সকল কথা বলেন মুজিবনগর

উপজেলা বিএনপির সভাপতি ও সাবেক উপজেলা পরিষদের চেয়ারম্যান আমিরুল ইসলাম।

তিনি আরো বলেন, সকল বিএনপি নেতা কর্মীদের একত্রিত হয়ে আগামীতে বিএনপির হাতকে শক্তিশালী করে বিএনপিকে ক্ষমতায় এনে সারা বাংলাদেশের মানুষকে একটি সুন্দর বাংলাদেশ উপহার দিতে হবে। এজন্য সমস্ত ভেদাভেদ ভুলে সকল বিএনপির নেতা কর্মীরা এক হয়ে কাজ করে যেতে হবে।

উক্ত দোয়া মাহফিলে বিএনপি নেতা নজরুল ইসলামের সভাপতিত্বে অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাগোয়ান ইউনিয়ন বিএনপির সভাপতি রফিকুল ইসলাম, সাধারন সম্পাদক ইসলাম আলী, সাংগঠনিক সম্পাদক আব্দুর রাজ্জাক।

যুবনেতা আশরাফুল ইসলামের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন, দারিয়াপুর ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক নাসির উদ্দীন,মুজিবনগর উপজেলা যুবদলের আহবায়ক আবুল হাসান, সদস্য সচিব আনারুল ইসলাম, মেহেরপুর জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজীর প্রমুখ।

এ সময় বেগম খালেদা জিয়ার সুস্থতা কামনায় এবং জুলাই আগস্টে ছাত্র-জনতার আন্দোলনে নিহত সকল ছাত্র-জনতার আত্মার মাগফেরাত কামনা করা হয় এবং যারা আহত হয়েছেন তাদের দ্রুত রোগ মুক্তি কামনা করে দোয়া করা হয়।

দর্শনায় মাসুদ সংগঠনের দোয়া ও আলোচনা সভা

চুয়াডাঙ্গার দর্শনায় কেরু এ্যান্ড কোম্পানির শ্রমিক কর্মচারী ইউনিয়নের ৯ম বারের সাধারন সম্পাদক মাসুদুর রহমান মাসুদ সংগঠন কার্যালয়ে দোয়া ও আলোচনা সভা অনুষ্টিত হয়েছে।

আজ রবিবার (৪ ফেব্রুয়ারি) সকাল ১০ টায় মাসুদ সংগঠনের নিজস্ব

আকবার বাবু, মশিউর রহমান, মাহবুবুর রহমান, সিডিএ এস এম জাহাঙ্গীর, সি আইসি আসাদুজ্জামান, সি আই সি কাজল চন্দ্রদাস, ক্যাশিয়ার মতিউল, লিটন, আতিয়ার, সাজু সবুজ, সদস্য মহায়মানুল হাসান রকি।

অনুষ্ঠানটি পরিচালনা করেন, কেরু এ্যান্ড কোম্পানির শ্রমিক ওয়েপি খন্দকার কায়েস আব্দুল্লা। এ সমাবেশে প্রায় ৭শ শ্রমিক কর্মচারী অংশ নেয়। অনুষ্ঠান শেষে শ্রমিকদের মাঝে কাঙ্গালী ভোজ অনুষ্টিত হয়।

কোটচাঁদপুরে ২১ আগস্ট গ্রেনেড হামলা উপলক্ষে দোয়া ও আলোচনা সভা

২১ আগস্ট গ্রেনেড হামলায় নিহতদের আত্মার মাগফেরাত কামনায় কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগ আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠান করেছেন। গতকাল সোমবার সন্ধ্যায় স্থানীয় দলীয় কার্যালয়ে এ সভা করেন।

উপজেলা আওয়ামী লীগের সহ সভাপতি নুরুল ইসলাম খান বাবলু এ সভায় সভাপতিত্ব করেন। সভা সঞ্চলনা করেন,উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোঃ শাহাজান আলী।

সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন,ঝিনাইদহ জেলা আঃলীগের সহ সভাপতি ও ঝিনাইদহ -৩ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খান চঞ্চল।

এছাড়া বক্তব্য রাখেন,উপজেলা আওয়ামী লীগের সহ সভাপতি লুৎফর রহমান, সহ সভাপতি ফারজেল হোসেন মন্ডল, পৌর আওয়ামী লীগের সভাপতি কাজী আলমগীর,উপজেলা যুবলীগ নেতা মঈনুদ্দিন শেখ হেকিম,উপজেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম আহবায়ক জাকির হোসেন লিমন

ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান খান, কুশনা ইউনিয়ন আঃলীগের সাধারণ

সম্পাদক রবিউল ইসলাম, পৌর ছাত্রলীগের সাবেক সভাপতি আলামিন,সাবেক সাধারণ সম্পাদক প্রদিপ কুমার হালদার।

বক্তারা বলেন,ওই ঘটনাপ্রবাহের কালো থাবা বাংলাদেশের রাজনীতিকে আরেকবার বিভক্ত করেছেন।
বঙ্গবন্ধু কন্যা বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আইনের শাসনের যে নজির স্থাপন করেছেন। বাংলাদেশের মানুষ তা যুগে যুগে স্মরণ করবে।

২১ আগস্টে বর্বর গ্রেনেড হামলা ও হত্যাকাণ্ডের পর্দার আড়ালের কুশীলবদের মুখোশ উন্মোচনের জন্য আন্তর্জাতিক ভাবে তদন্ত কমিটি গঠনেরও দাবি জানান নেতারা।

আলোচনা শেষে ২০০৪ সালের ২১ আগস্ট নারকীয় হত্যাকাণ্ডে নিহতদের প্রতি শ্রদ্ধা জানিয়ে আইভি রহমানসহ ২৪ জন নেতাকর্মীর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

কোটচাঁদপুরে বীর মুক্তিযোদ্ধা মফিজুর রহমান স্মরনে দোয়া ও আলোচনা সভা

শহীদ বীর মুক্তিযোদ্ধা মফিজুর রহমানের স্মরনে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠান করা হয়েছে। আজ বৃহস্পতিবার দুপুরে কোটচাঁদপুরের সাবদারপুরে এ অনুষ্ঠান করা হয়।

আলোচনা সভায় উপজেলা নির্বাহী কর্মকর্তা খান মাসুম বিল্লাহর সভাপতিত্বতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ -৩ আসনের সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খান চঞ্চল।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন,উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোঃ শাহাজাহান আলী,সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার আব্দুল মান্নান,মুক্তিযোদ্ধা কায়দার রহমান ।